

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
পরিচালকের দপ্তর

ওয়েব: www.udd.gov.bd, ফোন: ৯৫৬২৭২৮

সভাপতি	ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক পরিচালক
সভার তারিখ	০৬/১২/২০১৮ ইং
সভার সময়	বিকাল ৪:০০ ঘটিকা
স্থান	নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	উপস্থিতির তালিকা সংযুক্ত

সভার শুরুতে নৈতিকতা কমিটির সভাপতি ড.খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরের ২য় ত্রৈ-মাসিক সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১. যে সকল এলাকায় নগর উন্নয়ন অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয় রয়েছে এবং মাস্টার প্ল্যান রয়েছে সেসকল এলাকায় গেজেটেড Landuse Plan অনুযায়ী এবং BC Act এর আওতায় Landuse Clearance দেয়ার জন্য পরিপত্রের খসড়া তৈরী করে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। এছাড়াও খুলনা আঞ্চলিক কার্যালয় KDA এর আইনের আওতায় বিধিমালা প্রণয়নের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে।
০২. নগর উন্নয়ন অধিদপ্তরের ঢাকা অফিস হতে ১৪ উপজেলা প্রকল্পের ১৪ টি উপজেলায় গেজেটেড Landuse Plan অনুযায়ী Landuse Clearance দেয়ার জন্য পরিপত্র তৈরী করে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।
০৩. মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ০৫/১২/২০১৮ ইং তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী, নগর উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে পৃথক GRS সেবা বক্স সংযোজন করতে হবে এবং দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।
০৪. মন্ত্রিপরিষদ বিভাগের সভার সিদ্ধান্ত অনুযায়ী, Brain Storming এর প্রতিবেদন আঞ্চলিক কার্যালয় হতে ১০/১২/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করবে এবং প্রধান কার্যালয় ১৩/১২/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রী পরিষদ বিভাগে প্রেরণ করবে।
০৫. উত্তম চর্চাসহ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন অগ্রগতি প্রমাণক সহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
০৬. আঞ্চলিক অফিস সমূহ তাদের অফিসে তিন (০৩) বছরের অধিককাল কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের লিস্ট ছক আকারে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।
০৭. জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ত্রৈ-মাসিক প্রতিবেদন আগামী ২৯/১২/২০১৮ এর মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।
০৮. জানুয়ারী ২০১৯ এ জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ৩য় কেয়ার্টার এর ফিডব্যাক সভা অনুষ্ঠিত হবে।
০৯. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব শাহীন আহমেদ, সিনিয়র প্ল্যানার কর্তৃক স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নপূর্বক হালনাগাদ নির্দেশিকা আগামী ২০ ডিসেম্বর ২০১৮ এর মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করবেন।
১০. ইনোভেশন শুদ্ধাচারের সাথে সম্পর্কিত বিষয় ইনোভেশন কর্মকর্তাকে নৈতিকতা কমিটিতে Co-opt করা হলো।
১১. নগর উন্নয়ন অধিদপ্তরের আঞ্চলিক অফিস সমূহ তাদের প্রদেয় লক্ষ্যমাত্রাসমূহ যথাযথভাবে পূরণে সচেষ্ট

থাকবে। সর্বোপরি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০০৫.১৭.১৫৭

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) উপসচিব, উন্নয়ন শাখা-৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৬) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১১) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১২) হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১৩) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার